

26

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 JUN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥
সিটি কর্তৃপক্ষের
প্রতি শোকজ
সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥
হবিগঞ্জ বন্দাবন সরকারী মহা-
বিদ্যালয়ের ৮ জন ছাত্রের
বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহ-
ণের সিদ্ধান্ত কেন অবৈধ ও
আইনগত ক্ষমতা বহির্ভূত বলিয়া
ঘোষণা করা হইবে না ইহার
কারণ দর্শানোর জন্য সুপ্রীম
(৮ম পৃঃ দ্রঃ)

বিএ পরীক্ষার ফল
(৩য় পৃঃ পর)
কোটে র হাইকোর্ট বিভাগ চট্ট-
গ্রাম বিশ্ববিদ্যালয়ের ডাইস
চ্যান্সেলর ও পরীক্ষা নিয়ন্ত্রকের
উপর রুল জারি করিয়াছেন।
গত বৎসর ১১ই মার্চ চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের
সভায় ১৯৯১ সালে অনুষ্ঠিত বিএ
পরীক্ষায় অংশ গ্রহণকারী ৮ জন
ছাত্রের পরীক্ষার ফল বাতিল
করা হয়। ইহাছাড়া সভায় পর-
বর্তী তিন বৎসরের জন্য তাহা-
দের পরীক্ষায় অংশগ্রহণে বিরত
রাখা হয়। শাস্তিপ্রাপ্ত ছাত্রগণ
হইলেন : মোহাম্মদ হাফিজ
উদ্দিন, মোহাম্মদ আরিফুর রহ-
মান, মোহাম্মদ নাহিদ, মহিবুল
আলম, ইকবাল হোসেন ভূঁইয়া,
রোকনউদ্দিন তালুকদার, আবুল
বাসির মোহাম্মদ আবদুল হক
এবং মোহাম্মদ এবাদুল হক।
উপরোক্ত ছাত্রগণ রীট পিটি-
শনে উল্লেখ করেন, তাহারা
বন্দাবন সরকারী মহাবিদ্যালয়
হইতে ১৯৯১ সালের ফেব্রুয়ারী-
মার্চ মাসে অনুষ্ঠিত ১৯৯১ সালের
বিএ (পাস) পরীক্ষায় অংশগ্রহণ
করেন। পরীক্ষার ৮ মাস পর তাহা-
দের বিরুদ্ধে অভিযোগ করা হয়
যে পরীক্ষার হলে তাহারা পরি-
দর্শকের বিরুদ্ধে অশালীন ভাষা
প্রয়োগ এবং হুমকি প্রদান করি-
য়াছেন। তাহারা জবাবে বলেন,
অনীত অভিযোগ মিথ্যা ও
কল্পনাপ্রসূত। তাহারা ব্যক্তিগত
শুনানির প্রার্থনা করেন।
তাহারা আরো বলেন, যেদিনের
ঘটনা উল্লেখ করিয়া অভিযোগ
করা হইয়াছে, সেইদিন তাহা-
দের কোন পরীক্ষাই ছিল না।
তাহাদের পক্ষে আইনজীবীর
বক্তব্য শুনানি শেষে বিচারপতি
মোহাম্মদ ইসমাইল উদ্দিন সর-
কার ও বিচারপতি মোহাম্মদ
হামিদুল হক সমন্বয়ে গঠিত
ডিভিশন বেঞ্চ সম্প্রতি উপরোক্ত
রুল জারি করেন।
ডঃ কামাল হোসেন আবেদন-
কারিগণের পক্ষে নিবেদন পেশ
করেন। তাহাকে সহায়তা করেন
স্বরূত চৌধুরী, বিএ রশিদ প্রমুখ।